

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সমাজসেবা অধিদফতর  
উপজেলা সমাজসেবা কার্যালয়  
কর্ণফুলী, চট্টগ্রাম।  
dss.karnafuli.chittagong.gov.bd

২ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ  
তারিখ: ১৫ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৪১.০১.১৫৩৯.০০০.৩১.০০১.২৪.২৭

বিষয়: ভাতাভোগীদের লাইভ ভেরিফিকেশন কার্যক্রমের শিডিউল প্রেরণ এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সমাজসেবা অধিদফতরের নির্দেশনা এবং উপজেলা পরিষদ, কর্ণফুলী, চট্টগ্রামের জানুয়ারি/২৪ মাসের মাসিক সমন্বয় সভার সিদ্ধান্ত মোতাবেক আপনার ইউনিয়নের বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা এবং প্রতিবন্ধী ভাতাভোগীদের লাইভ ভেরিফিকেশন কার্যক্রম নিম্নোক্ত সময়সূচী অনুযায়ী অনুষ্ঠিত হবে।

ক্রম	তারিখ ও বার	ওয়ার্ড	উপকারভোগীর সংখ্যা			সময়
			বয়স্ক	বিধবা	প্রতিবন্ধী	
০১	২৭/০২/২০২৪ মঙ্গলবার	১, ২, ৩	২৮০	৮৯	১৬২	সকাল ১০.০০ ঘটিকা থেকে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত প্রতিটি ওয়ার্ড ২ ঘণ্টা করে
০২	২৮/০২/২০২৪ বুধবার	৪, ৫, ৬	২৯১	৯২	১৯১	
০৩	২৯/০২/২০২৪ বৃহস্পতিবার	৭, ৮, ৯	২৩৯	৭৯	১৮০	

২। ভাতাভোগীকে নির্ধারিত তারিখ ও সময়ে স্ব-শরীরে ইউনিয়ন পরিষদে হাজির হতে হবে।

৩। ভোটার আইডি কার্ডের মূল কপি এবং মোবাইল ফোন সাথে আনতে হবে।

৪। ভেরিফিকেশনের দিন সংশ্লিষ্ট ওয়ার্ডের ইউপি সদস্য এবং গ্রাম পুলিশের উপস্থিতি নিশ্চিত করার জন্য আপনাকে সনির্বন্ধ অনুরোধ করা হলো।

৫। উল্লেখ্য যে, অনিবার্য কারণ ব্যতীত কোন ভাতাভোগী ভেরিফিকেশনের দিন উপস্থিত না হলে তিনি মারা গেছেন বা ভাতা গ্রহণ করতে ইচ্ছুক নন মর্মে ধরে নেওয়া হবে এবং তার নাম ভাতা তালিকা থেকে বাদ দেওয়া হবে।

এমতাবস্থায়, নির্ধারিত তারিখে আপনার ইউনিয়নের সংশ্লিষ্ট ভাতাভোগীকে ইউনিয়ন পরিষদের সম্মেলন কক্ষে উপস্থিতি নিশ্চিত করে সরকারের সামাজিক নিরাপত্তা কর্মসূচিকে সাফল্যমণ্ডিত করতে আপনার সার্বিক সহযোগিতা কামনা করছি।

১৫-০২-২০২৪

সবুর আলী

উপজেলা সমাজসেবা অফিসার

চেয়ারম্যান, চরলক্ষ্যা ইউনিয়ন পরিষদ।

স্মারক নম্বর: ৪১.০১.১৫৩৯.০০০.৩১.০০১.২৪.২৭/১ (৫)

২ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ  
তারিখ: ১৫ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক, বিভাগীয় পরিচালকের কার্যালয়, বিভাগীয় পরিচালকের কার্যালয়, সমাজসেবা অধিদফতর, চট্টগ্রাম;
- ২। চেয়ারম্যান, চেয়ারম্যানের দপ্তর, উপজেলা পরিষদ, কর্ণফুলী, চট্টগ্রাম ;
- ৩। উপ পরিচালক, উপপরিচালকের দপ্তর, জেলা সমাজসেবা কার্যালয়, চট্টগ্রাম;
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের দপ্তর, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কর্ণফুলী, চট্টগ্রাম এবং
- ৫। জনাব -----, ইউপি সদস্য, ----- নং ওয়ার্ড, চরলক্ষ্যা ইউনিয়ন পরিষদ, কর্ণফুলী, চট্টগ্রাম।।



১৫-০২-২০২৪

সবুর আলী  
উপজেলা সমাজসেবা অফিসার